

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৭ অক্টোবর ২০২১ তারিখ এ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেনস চার্টার পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণের আলোকে প্রতিবেদন নিম্নরূপ:


পরিবীক্ষণকৃত বিষয়সমূহ:

- নাগরিক সেবা অংশের ৭টি সেবা পর্যালোচনায় দেখা যায় যে, উন্নত জাতের মাছ চাষ বিষয়ক পুস্তিকা, গবেষণা প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি বিতরণ প্রকৃতপক্ষে নাগরিক সেবা নয়;
- ক্রমিক ২ এ প্রদত্ত সেবা স্বাদুপানি কেন্দ্র, লোনা পানি কেন্দ্র থেকে এবং ক্রমিক ৫ এ প্রদত্ত সেবা স্বাদুপানি কেন্দ্র ও চিংড়ি গবেষণা কেন্দ্র থেকে প্রদান করা হচ্ছে বিধায় এটি সংশ্লিষ্ট দপ্তরের সিটিজেনস চার্টারে অন্তর্ভুক্ত হবে।
- প্রাতিষ্ঠানিক সেবার ১নং ক্রমিকে বর্ণিত সেবাটি প্রকৃতপক্ষে নাগরিক সেবা;
- অভ্যন্তরীণ সেবার ১, ২, ১৬ ও ১৭ নং সেবাগুলো প্রকৃতপক্ষে বুটিন কাজ, কোন সেবা নয়;
- সেবা প্রদানের সময়সীমা কলামের প্রায় প্রতিটিতে নির্ধারিত সময় এবং কার্যবিদসের সীমা প্রদান করা হয়েছে যা পরিবর্তন করে নির্দিষ্ট সময় উল্লেখ করতে হবে।
- প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান এর কলামে সকল ক্ষেত্রেই প্রাপ্তি স্থান উল্লেখ আছে কিন্তু প্রয়োজনীয় কাগজপত্রের উল্লেখ নেই। যা উল্লেখ করা প্রয়োজন।
- সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি কলামে বিনামূল্য ছাড়াও ‘বিধি অনুযায়ী’ ও ‘নির্ধারিত ফি’ ইত্যাদি প্রদান সাপেক্ষে লিখা হয়েছে যা গ্রহণযোগ্য নয়। সেবা মূল্য নির্দিষ্ট করে উল্লেখ করতে হবে।
- ২.৪ নং অনুচ্ছেদে আওতাধীন কেন্দ্র ও উপকেন্দ্রসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতির লিংকসমূহ অন্তর্ভুক্ত করা হয়নি;
- আপীল কর্মকর্তার তথ্য হালনাগাদ করা হয়নি।

সুপারিশ/সিদ্ধান্ত:

- নাগরিক সেবা অংশে অন্তর্ভুক্ত ‘উন্নত জাতের মাছ চাষ বিষয়ক পুস্তিকা, ‘গবেষণা প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি বিতরণ’ সেবাটি বাদ দিতে হবে;
- প্রতিটি অফিসের আলাদা আলাদা সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন, ওয়েবসাইটে আপলোড ও অফিসের দর্শনীয় স্থানে প্রদর্শন করতে হবে; তাছাড়া এক অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্য অফিসের তথ্য অন্তর্ভুক্ত করার প্রয়োজন নেই;
- তথ্য অবমুক্তকরণ সেবাটিকে নাগরিক সেবার অন্তর্ভুক্ত করতে হবে;
- অভ্যন্তরীণ সেবার ১, ২, ১৬ ও ১৭ নং সেবাগুলো সেবা প্রদান প্রতিশ্রুতি থেকে বাদ দিতে হবে;
- সেবা প্রদানের সময়সীমা কলামে আবশ্যিকভাবে কার্যবিদস উল্লেখ করতে হবে;
- ‘প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান’ এর কলামে প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান উল্লেখ করতে হবে;

- 'সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি' কলামে সম্ভব হলে ফি এর পরিমাণ এবং জমাদানের পদ্ধতি (চালান, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার ইত্যাদি ও কোড) উল্লেখ করতে হবে;
- ২.৪ নং অনুচ্ছেদে আওতাধীন কেন্দ্র ও উপকেন্দ্রসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতির লিংকসমূহ অন্তর্ভুক্ত করতে হবে অথবা সেবা প্রদান প্রতিশ্রুতি আছে তা জানাতে হবে
- আপীল কর্মকর্তাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করতে হবে
- হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি নিজস্ব ওয়েবসাইটে আপলোড এবং মন্ত্রণালয়কে প্রেরণ করতে হবে।




(নূর মোহাম্মদ)

প্রোগ্রামার

ও

সদস্য সচিব

সিটিজেট চার্টার পরিবীক্ষণ কমিটি




(মো: আবদুর রহমান)

উপসচিব

ও

সদস্য

সিটিজেট চার্টার পরিবীক্ষণ কমিটি



(সুবোল বোস মনি)

অতিরিক্ত সচিব

ও

আহবায়ক

সিটিজেট চার্টার পরিবীক্ষণ কমিটি